**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 15-10-2025**

**Time : 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

রাজ্যে একের পর এক নারী নির্যাতন এবং উত্তরবঙ্গে সাংসদ ও বিধায়কের উপর আক্রমণের বিরুদ্ধে বিজেপি আজ কলকাতায় প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ দুপুরে কলেজ স্কোয়ার থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত এই মিছিল হবে। তবে, পুলিশ এখনও এই মিছিলের অনুমোদন দেয়নি। বিরোধী দলনেতা এই মিছিলে যোগদানের জন্য সবাইকে বিশেষ করে আদিবাসী সমাজকে আবেদন জানিয়েছেন।

( বাইট- শুভেন্দু )

শ্রী অধিকারী জানান, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের এই মিছিলে উপস্থিত থাকার কর্মসূচি রয়েছে।

*************************

দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়া ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় ধৃত নির্যাতিতার সহপাঠী বন্ধুকে আজ দুর্গাপুর আদালতে পেশ করেছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে পারস্পরিক পরিকল্পনা করে গণধর্ষণ, ছিনতাই, তোলাবাজি সহ একাধিক ধারায় মামলা রুজু করেছে পুলিশ। আজ অভিযুক্তের মেডিক্যাল পরীক্ষাও করা হয়। জিজ্ঞাসাবাদে অসঙ্গতি মেলায় গতকাল রাতে পুলিশ সহপাঠী বন্ধু ওয়াসেফ আলিকে গ্রেফতার করে। এই ঘটনায় এনিয়ে মোট ৬ জনকে গ্রেপ্তার করা হল।

অন্যদিকে, এই ঘটনার জেরে এলাকাবাসীদের বিক্ষোভের মুখে পড়ে বন্ধ হয়ে যায় আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচী। কুলটির ১০৩ নং ওয়ার্ডে হাতিলন গ্রামে কর্মসূচীতে আসা সরকারি আধিকারিকরা বিক্ষোভের মুখে পড়েন। অবশেষে টানাপোড়েনের পর বাতিল হয়ে যায় শিবির।

*************************

পুরুলিয়া মেডিক্যাল কলেজে ইন্টার্নদের কর্মবিরতি আজ তিন দিনে পড়লো। নিরাপত্তার দাবিতে কাজ বন্ধ করে দিয়েছেন পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ৯৪ জন ইন্টার্ন। এর ফলে চিকিৎসা পরিষেবা ব্যাহত হচ্ছে। ইন্টার্নদের দাবি মেডিক্যাল কলেজের দুটি ক্যাম্পাস থাকার কারণে তাদের নিরাপত্তার অভাব দেখা দিচ্ছে। ফলে প্রতিদিন দুই ক্যাম্পাসে পড়াশোনা এবং ডাক্তারি চিকিৎসা পরিষেবা দেওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়তে হচ্ছে ইন্টার্নদের এবং চিকিৎসকদের। সেই দাবি পূরণ না হওয়া পর্যন্ত হাসপাতালে কর্মবিরতিতে অনড় থাকার কথা জানিয়ে দেন ইন্টার্নরা।

************************

আনন্দপুর থানার অন্তর্গত একটি ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্রীকে ধর্ষণের ঘটনায় পুলিশ গতকাল অভিযুক্ত রাজদীপ রায়কে গ্রেফতার করে। ধৃতকে আলিপুর আদালতে তোলা হলে তার আটদিনের পুলিশ হেফাজত হয়। পুলিশ জানিয়েছে, গত ২৬ শে সেপ্টেম্বর অভিযুক্ত রাজদীপ তার ফ্ল্যাটে বান্ধবীকে অচৈতন্য করে ধর্ষণ করে। তারপর রাজদীপ পালিয়ে যায়। অনেক টানাপোড়েনের পর গত ৮ ই অক্টোবর আনন্দপুর থানায় অভিযোগ জানায় নির্যাতিতা। এই ঘটনার পর নির্যাতিতার মেডিক্যাল পরীক্ষা ও গোপন জবানবন্দী নেওয়া হয়। পুলিশ ঘটনার তদন্ত করছে।

************************

বর্ধমান হাসপাতালের বর্হিবিভাগ থেকে শিশু চুরির অভিযোগে দুই মহিলাকে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ। চুরি যাওয়ার কয়েক ঘন্টার মধ্যেই ১৮ দিনের শিশুপুত্র-কে উদ্ধার করে পুলিশ। রাতেই শিশুটিকে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়। ধৃত যুবতীর নাম রুমকি ওরফে রিংকি খাতুন ও তার মায়ের নাম মিনিদা বিবি। ধৃত দুজনেই জেলারই বাসিন্দা।

************************

সাম্প্রতিক দুর্যোগে বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত উত্তরবঙ্গের পরিস্থিতি নিয়ে সেখানে সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দার্জিলিঙে প্রশাসনিক বৈঠক করবেন। বৈঠকে জেলা প্রশাসনের আধিকারিকরা ছাড়াও বিপর্যয় ব্যবস্থাপন, ত্রাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ, সেচ, কৃষি দপ্তরের আধিকারিক ও গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের প্রতিনিধিদেরা উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, বিপর্যয়ের পরে ত্রাণ ও পুনর্গঠনের কাজ খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত রবিবার উত্তরবঙ্গে গিয়েছেন।

************************

সর্বভারতীয় আইটিআই পরীক্ষায় দিব্যাঙ্গ বিভাগে দেশে প্রথম হয়েছেন মুর্শিদাবাদের কান্দির দৃষ্টিহীন যুবক বাবলু হালদার। কান্দি ব্লকের উগ্রভাটপাড়ায় বাসিন্দা বাবলুর বাবা পেশায় দিনমজুর। দৃষ্টিহীন বাবলু আই টি আই ট্রেড টেস্টে প্রথম হওয়ায় দিল্লির বিজ্ঞান ভবনে প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার নিয়েছেন।

************************

মেট্রো রেলের মহাত্মা গান্ধী রোড স্টেশনে ফাটল দেখা দেওয়ায় ব্লু-লাইনে পরিষেবা ব্যাহত। দমদম থেকে ময়দান পর্যন্ত মেট্রো চলাচল আপাতত বন্ধ রয়েছে। কতক্ষণে এই পরিষেবা চালু হবে, সে সম্পর্কে কিছু জানা জায়নি।

************************

ইডেনে বাংলা ও উত্তরাখণ্ড এর মধ্যে চারদিনের রনজি ট্রফি ক্রিকেট ম্যাচ আজ শুরু হয়েছে। টসে জিতে বাংলা উত্তরাখণ্ডকে ব্যাট করতে পাঠিয়েছে।

মধ্যাহ্নভোজের বিরতিতে উত্তরাখণ্ড তিন উইকেটে ৭৬ রান করেছিল। শেষ খবর পাওয়া পর্যন্ত উত্তরাখণ্ড ৪ উইকেটে ১১৮ রান করেছে। বাংলার সুরজ সিন্ধু জয়সোয়াল তিনটি, ঈশান পোড়েল একটি উইকেট নিয়েছেন।

************************